

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

Website: www.bb.org.bd

ডিসিএম সার্কুলার নং-২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

তারিখ : ২৮ পৌষ, ১৪২৪
১১ জানুয়ারি, ২০১৮

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের গ্যারান্টি ভল্টে জমাকৃত মিউটিলেটেড এবং অপ্রচলনযোগ্য নোট সরাসরি ধ্বংসকরণ প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, বাংলাদেশ ব্যাংকের গ্যারান্টি ভল্টে আপনাদের ব্যাংক কর্তৃক জমাকৃত মিউটিলেটেড এবং অপ্রচলনযোগ্য নোট যাচাই-বাছাইকালে প্রায়শঃই বিনিময় অযোগ্য নোট অর্থাৎ বহুখন্ডে খন্ডিত নোট, Built-up নোট, জাল নোট এবং নোট কম পাওয়ার মত অনিয়ম পাওয়া যায়। এ ধরনের অনিয়ম পাওয়া গেলে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সেদিন আর কোন নোট ধ্বংস করা সম্ভব হয় না। এতে শ্রম ও সময়ের অপচয় ছাড়াও সরাসরি নোট ধ্বংসকরণের উদ্দেশ্য ব্যাহত হয়। এপ্রেক্ষিতে, মিউটিলেটেড ও অপ্রচলনযোগ্য নোটের সরাসরি ধ্বংসকরণ কার্যক্রম সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গৃহীত হবে :

০১. আপনাদের ব্যাংক কর্তৃক জমাকৃত অপ্রচলনযোগ্য ও মিউটিলেটেড নোটের বাস্তব নমুনা ভিত্তিতে যাচাইকালে বিনিময় অযোগ্য নোট পাওয়া গেলে সরাসরি ধ্বংসের জন্য নির্ধারিত সকল নোটের উপর সমানুপাতে বিনিময় অযোগ্য নোট এবং সংখ্যাগত ঘাটতি নোটের সংখ্যা হিসাব করে নিম্নরূপ সূত্রানুযায়ী আদায়যোগ্য অর্থের পরিমাণ নির্ধারণ করে আপনাদের ব্যাংক হিসাব বিকলন করা হবে :

(ধ্বংসকরণের জন্য নির্ধারিত নোটের সংখ্যা \times নমুনা ভিত্তিতে যাচাইকালে প্রাপ্ত বিনিময় অযোগ্য ও ঘাটতি নোটের সংখ্যা) \times নোটের মূল্যমান
নমুনা ভিত্তিতে যাচাইকৃত নোটের সংখ্যা

উদাহরণ : নির্দিষ্ট দিনে সরাসরি ধ্বংসের জন্য ২০ টাকা মূল্যমানের নির্ধারিত অপ্রচলনযোগ্য/মিউটিলেটেড নোটের পরিমাণ ১,০০,০০০ পিস। ২৫% নমুনা ভিত্তিতে যাচাইযোগ্য নোটের পরিমাণ $১০০০০০ \times ২৫\% = ২৫০০০$ পিস।

তন্মধ্যে কম পাওয়া গেল ৫ পিস, বিনিময় অযোগ্য নোট পাওয়া গেল ৩ পিস অর্থাৎ কম এবং বিনিময় অযোগ্য নোটের মোট পরিমাণ $৫+৩=৮$ পিস।

উল্লিখিত সূত্রানুযায়ী ব্যাংকের নিকট হতে আদায়যোগ্য টাকার পরিমাণ হবে $(১,০০,০০০ \times ৮) \times ২০$ টাকা/২৫,০০০ = ৬৪০ টাকা

২. আপাতত ৫, ১০ ও ২০ টাকা মূল্যমানের নোট সরাসরি পদ্ধতিতে ধ্বংস করা হবে। এক্ষেত্রে ০১(এক) দিনে যে পরিমাণ নোট সরাসরি ধ্বংস করা হবে তন্মধ্যে ৫ টাকা মূল্যমানের নোটের ক্ষেত্রে ৫%, ১০ টাকা মূল্যমানের নোটের ক্ষেত্রে ২০% এবং ২০ টাকা মূল্যমানের নোটের ক্ষেত্রে ২৫% দ্বৈবচয়ন ভিত্তিতে পৃথক করে যথা নিয়মে যাচাই ও পরীক্ষা করা হবে।

৩. দ্বৈবচয়ন ভিত্তিতে পৃথককৃত নোটের মধ্যে পুনঃপ্রচলনযোগ্য নোটের পরিমাণ শতকরা ১০ ভাগ বা তার বেশি হলে আপনাদের জমাকৃত অনুরূপ সমুদয় নোট পরীক্ষা ও যাচাই করে প্রাপ্ত পুনঃপ্রচলনযোগ্য নোটের মোট মূল্যমানের উপর শতকরা ১ ভাগ হারে জরিমানা আরোপ করা হবে।

উল্লিখিত নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ সুলতান মাসুদ আহমেদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯০